



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-৬০৬

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৮  
৩০ নভেম্বর ২০২১

প্রজ্ঞাপন

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-৬০৬।- স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা ১৭ জানুয়ারি ২০২১ তারিখে জারীকৃত স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-৬১ মূলে স্থগিতকৃত নাটোর জেলার নাটোর পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে **ইভিএম এর মাধ্যমে** নির্বাচন নিম্নের সময়সূচি অনুযায়ী সম্পন্ন লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। তবে ইতঃমধ্যে যারা মনোনয়নপত্র দাখিল করেছেন তাদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না।

(ক)	মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	৩০ অগ্রহায়ণ ১৪২৮ ১৫ ডিসেম্বর ২০২১	বুধবার
(খ)	মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০৫ পৌষ ১৪২৮ ২০ ডিসেম্বর ২০২১	সোমবার
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১২ পৌষ ১৪২৮ ২৭ ডিসেম্বর ২০২১	সোমবার
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	০২ মাঘ ১৪২৮ ১৬ জানুয়ারি ২০২২	রবিবার
<b>ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত</b>				

০২। সেই সাথে নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-০৩ তারিখ: ০৩ জানুয়ারি ২০২১ এর মাধ্যমে নিয়োগকৃত রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার এবং স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-০৪ তারিখ: ০৩ জানুয়ারি ২০২১ এর মাধ্যমে নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষ বহাল রাখা ও ইতঃপূর্বের ন্যায় অন্যান্য কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোনঃ ০২-৫৫০০৭৫২৫

E-mail: sasemc1@gmail.com

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ২৫ (পঁচিশ) কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ..... (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ..... (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)
৭. মহাপরিচালক, বিজিবি/ আনসার ও ভিডিপি/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. প্রকল্প পরিচালক, আইডিইএ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, রাজশাহী
১১. উপ-মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ
১২. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা ( নির্বাচনের তারিখের সাথে সমন্বয় করে নির্বাচনি ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনাল গঠন ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১৩. যুগ্মসচিব (নিঃব্যঃ ১/২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. প্রকল্প পরিচালক, ইডিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ বিজ্ঞপ্তি জারি ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
১৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৮. জেলা প্রশাসক, নাটোর [দায়েরকৃত আপীলসমূহ ২৪ ডিসেম্বর ২০২১ ও ২৬ ডিসেম্বর ২০২১ তারিখে নিষ্পত্তি করতে হবে। এছাড়া আচরণ বিধি প্রতিপালন নিশ্চিতকরণের জন্য মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখের পরের দিন হতে ভোটগ্রহণের তিনদিন পূর্ব পর্যন্ত প্রতি সংরক্ষিত ওয়ার্ডে ০১জন করে এবং আইনশৃঙ্খলা রক্ষা ও মোবাইল-স্ট্রাইকিং ফোর্সের সাথে দায়িত্ব পালনের জন্য ভোটগ্রহণের দুইদিন পূর্ব হতে ভোটগ্রহণের পরদিন পর্যন্ত প্রতি সাধারণ ওয়ার্ডের জন্য ০১জন করে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ করার অনুরোধ করা হলো। ]
১৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
২০. পুলিশ সুপার, নাটোর [ জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুসারে আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েনের অনুরোধ করা হলো।]
২১. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. জেলা নির্বাচন অফিসার, নাটোর ও রিটার্নিং অফিসার [ গণবিজ্ঞপ্তি জারী এবং সর্বশেষ হালনাগাদকৃত ভোটার তালিকায় নির্বাচনসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করতে হবে। এছাড়া ১ম হতে ৮ম ধাপের পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয় হতে জারীকৃত আদেশ-নির্দেশ, পরিপত্রের নির্দেশনা এবং আইন ও বিধি মোতাবেক নির্বাচন অনুষ্ঠান করার জন্য অনুরোধ করা হলো। উক্ত নির্বাচন স্থগিতের পূর্বে যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছিল তাও অনুসরণ করতে হবে। ]
২৩. উপজেলা নির্বাহী অফিসার, নাটোর সদর, নাটোর
২৪. জেলা কম্যান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নাটোর
২৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. উপজেলা নির্বাচন অফিসার, নাটোর সদর, নাটোর ও সহকারী রিটার্নিং অফিসার
২৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, নাটোর সদর থানা, নাটোর।

( মোহাম্মদ মোরশেদ আলম )

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১

ফোন: ৫৫০০৭৬১০, ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮